

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৫৩. কেউ কোন অপরাধ করলে তার শরীয়ত সম্মত শাস্তি বিধান ছাড়া তাকে এমনিতেই গালমন্দ করা কিংবা অন্য যে কোনভাবে লাঞ্ছিত করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: একদা নবী (সা.) এর নিকট জনৈক মদখোর ব্যক্তিকে উপস্থিত করা হলে তিনি তাকে মারতে আদেশ করেন। অতঃপর আমাদের কেউ কেউ তাকে হাত দিয়ে মারলো। আবার কেউ কেউ জুতো দিয়ে। আবার কেউ কেউ কাপড় দিয়ে। যখন সে চলে গেলো তখন কেউ কেউ বলে উঠলোঃ 'আখ্যাকাল্লাহ্'' আল্লাহ্ তোমাকে লাঞ্ছিত করুক। তখন রাসূল (সা.) বললেন:

لاَ تَقُوْلُوا هَكَذَا ، لاَ تُعِيْنُوا عَلَيْهِ الشَّيْطَانَ

"তোমরা এমন বলো না এবং শয়তানকে তার ব্যাপারে সহযোগিতা করো না"।[1] শয়তান চায় মানুষকে অপরাধী বানিয়ে তাকে লাঞ্ছিত করতে। তাই অপরাধীকে এমন কথা বললে তার ব্যাপারে শয়তানের শয়তানী উদ্দেশ্য হাসিল হয়।

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৬৭৭৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11503

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন